দৈনিক খবর

তারিখ 29 AUG 1998
পৃষ্ঠা 9 কলাম 2

21

# টাঙ্গাইলের কলেজ শিক্ষকদের ধর্মঘট পালিত

টাঙ্গাইল, ২৬শে আগস্ট (নিজস্ব সংবাদদাতার ফোন)।–ধনবাড়ী কলেজের অধ্যক্ষ খলিলুর রহমানকে মারপিট করে জোরপূর্বক পদত্যাগপত্র আদায়ের প্রতিবাদে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির টাঙ্গাইল জেলা শাখার ডাকে আজ জেলার সকল বেসরকারী কলেজে শিক্ষকরা ধর্মঘট পালন করেছে। ফলে বেসরকারী কলেজগুলোতে আজ কোন ক্লাস হয়নি, উচ্চ মাধ্যমিক পরীক্ষার ব্যবহারিক পরীক্ষাও বন্ধ থাকে।

আজ দুপুরে অধ্যাপক জামালউদ্দিন প্রামাণিকের সভাপতিত্বে অনুষ্ঠিত ধনবাড়ী কলেজ শিক্ষক কর্মচারীদের সভায় অধ্যক্ষের ওপর হামলার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে মধুপুর উপজেলা প্রশাসন এবং টাঙ্গাইল জেলা প্রশাসন এ পর্যন্ত কোন ব্যবস্থা না নেয়ায় ক্ষোভ ও উদ্বেগ প্রকাশ করা হয়।

সন্তোষ ইবি টেকনিক্যাল কলেজ, ঘাটাইল কলেজ, কালিহাতী কলেজ, ভূয়াপুর ইব্রাহিম খাঁ কলেজ ও এলেঙ্গা শামসুল হক কলেজে অনুষ্ঠিত শিক্ষক সভায় ঘটনার সুষ্ঠু বিচার ও দোষীদের শাস্তি দাবী করা হয়।

উল্লেখ্য, গত ১১ই জুলাই বিকেলে একদল দুর্বৃত্ত ধনবাড়ী কলেজের অধ্যক্ষ খলিলুর রহমানকে মারপিট করে একটি ঘরে আটকে রেখে জোরপূর্বক পদত্যাগপত্র লিখিয়ে নেয়।